



ছাত্রকল্যাণ পরিচালকের অধিদপ্তর
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম - ৪৩৪৯।



ফোন : ০৩১-২৫১৬৩০২, পিবিএক্স : ০৩১-৭১৪৯২০-২২এক্স (৮৫০০) Email: dswcuet@gmail.com

Soft Loan অনুমোদন কমিটির ৩য় সভার কার্যবিবরণী

অন্য ২৪/১২/২০২০খ্রিঃ তারিখ, সময়ঃ ১২:৪০ ঘটিকার Soft Loan অনুমোদন কমিটির ৩য় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন অধ্যাপক ড. জামাল উদ্দিন আহাম্মদ, ডীন, যন্ত্রকৌশল অনুষ্ণদ, চুয়েট। সভায় নিম্নোক্ত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

ক্র.নং	সদস্যদের নাম
১।	বিভাগীয় প্রধান, পুরকৌশল বিভাগ, চুয়েট, সদস্য, সংশ্লিষ্ট কমিটি।
২।	বিভাগীয় প্রধান, ইইই বিভাগ, চুয়েট, সদস্য, সংশ্লিষ্ট কমিটি।
৩।	বিভাগীয় প্রধান, যন্ত্রকৌশল বিভাগ, চুয়েট, সদস্য, সংশ্লিষ্ট কমিটি।
৪।	বিভাগীয় প্রধান, সিএসই বিভাগ, চুয়েট, সদস্য, সংশ্লিষ্ট কমিটি।
৫।	বিভাগীয় প্রধান, ইউআরপি বিভাগ, চুয়েট, সদস্য, সংশ্লিষ্ট কমিটি।
৬।	বিভাগীয় প্রধান, স্থাপত্য বিভাগ, চুয়েট, সদস্য, সংশ্লিষ্ট কমিটি।
৭।	বিভাগীয় প্রধান, পিএমই বিভাগ, চুয়েট, সদস্য, সংশ্লিষ্ট কমিটি।
৮।	বিভাগীয় প্রধান, ইটিই বিভাগ, চুয়েট, সদস্য, সংশ্লিষ্ট কমিটি।
৯।	বিভাগীয় প্রধান, এমআইই বিভাগ, চুয়েট, সদস্য, সংশ্লিষ্ট কমিটি।
১০।	বিভাগীয় প্রধান, পানি সম্পদ কৌশল বিভাগ, চুয়েট, সদস্য, সংশ্লিষ্ট কমিটি।
১১।	বিভাগীয় প্রধান, বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ, চুয়েট, সদস্য, সংশ্লিষ্ট কমিটি।
১২।	পরিচালক, ছাত্রকল্যাণ অধিদপ্তর, চুয়েট, সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি।

আলোচ্যসূচী -০১ : Soft Loan পেতে আগ্রহী শিক্ষার্থীদের তালিকা চূড়ান্তকরণ প্রসঙ্গে।

সভায় Soft Loan বিতরণের জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রণীত নীতিমালা অনুযায়ী বিস্তারিত আলোচনা হয়। বিভাগ সমূহ থেকে Soft Loan পেতে আগ্রহী শিক্ষার্থীদের সম্মতি যাচাই এবং ব্যাংক হিসাব বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সকল বিভাগ থেকে সর্বমোট ১৭৬ জন শিক্ষার্থীর ব্যাংক হিসাবের তথ্য পাওয়া যায়, যার মধ্যে ৩৩ জন শিক্ষার্থীর নিজ নামে কোনো হিসাব নম্বর নেই, তারা অভিভাবকের হিসাব নম্বর প্রেরণ করেছেন। আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত - ০১ (ক) : Soft Loan বিতরণের নীতিমালা অনুযায়ী নিজ নামে পূর্ণাঙ্গ ব্যাংক হিসাব থাকা সাপেক্ষে প্রাথমিকভাবে ১১১ জন শিক্ষার্থীদের মধ্যে Soft Loan বিতরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। এ ব্যাপারে তালিকা অনুযায়ী কম্পিউটার অফিস শিক্ষার্থীদের স্ব স্ব হিসাব নম্বরে আগামী ১০/০১/২০২১খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণ করবেন।


(খ) : ইউজিসি কর্তৃক মনোনীত শিক্ষার্থীদের মধ্যে যারা এখনও Soft Loan পেতে আগ্রহী, তাদের তালিকা (ব্যাংক হিসাব সহ), আগামী ১২/০১/২০২১খ্রিঃ তারিখের মধ্যে বিভাগীয় প্রধানের মাধ্যমে ছাত্রকল্যাণ অধিদপ্তর, চুয়েটে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) : ইউজিসি কর্তৃক প্রেরিত তালিকার বাইরে নতুন কোন শিক্ষার্থী Soft Loan পেতে আগ্রহী হলে তাদের তালিকা ছাত্রকল্যাণ অধিদপ্তর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তী সভায় তালিকা চূড়ান্ত করে উপযুক্ত কর্তৃপক্ষ বরাবর পেশ করারও সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।


সদস্য সচিব

অধ্যাপক ড. মোহাম্মদ মশিউল হক
Soft Loan অনুমোদন কমিটি
এবং
পরিচালক, ছাত্রকল্যাণ অধিদপ্তর, চুয়েট।


সভাপতি

অধ্যাপক ড. জামাল উদ্দিন আহাম্মদ
Soft Loan অনুমোদন কমিটি
এবং
ডীন, যন্ত্রকৌশল অনুষ্ণদ, চুয়েট।

কার্যার্থে অনুলিপি প্রেরিত হলঃ

১। বিভাগীয় প্রধান সিই/ইইই/এমই/সিএসই/ইটিই/ইউআরপি/স্থাপত্য/এমআইই/পিএমই/ডব্লিউআরই/বিএমই বিভাগ চুয়েট।